# কালমৃগয়া

রবীন্দ্রনাথ ঠাকুর

तमसो मा ज्योतिर्गमय

VISVA BHARATI
LIBRARY
SANTINIKETAN

T7
71

271705

স্বরবিতান ২৯

# কালমৃগয়া

রবীন্দ্রনাথ ঠাকুর

VISVA-BHARATI

.RY

বিশ্বভারতী গ্রন্থনবিভাগ
কলিকাতা

স্বরলিপিকার
ইন্দিরাদেবী চৌধুরানী

আষাঢ় ১৩৬০
সংস্করণ আশ্বিন ১৩৮০
পুনর্মুদ্রণ আষাঢ় ১৩৮৪
আশ্বিন ১৩৯০ : ১৯০৫ শক

© বিশ্বভারতী

প্রকাশক শ্রীজগদিন্দ্র ভৌমিক
বিশ্বভারতী। ৬ আচার্য জগদীশ বসু রোড। কলিকাতা ১৭
মুদ্রক স্বপ্না প্রিন্টিং ওয়ার্কস
৫২ রাজা রামমোহন রায় সরণী। কলিকাতা ৯

কালমৃগয়া

| | গান | স্বরলিপি |
| --- | --- | --- |
| অজ্ঞানে করো হে ক্ষমা তাত | ২৩ | ৭০ |
| আঃ বেঁচেছি এখন | ১৮ | ৫৭ |
| আমা-তরে অকারণে | ১১ | ৪০ |
| আমার প্রাণ যে ব্যাকুল হয়েছে | ২২ | ৬৫ |
| আয় লো সজনি, সবে মিলে | ১৩ | ৪৩ |
| আহা, কেমনে বধিল তোরে | ২৪ | ৭৩ |
| এতক্ষণে বুঝি এলি রে | ২৩ | ৬৮ |
| এনেছি মোরা এনেছি মোরা | ১৯ | ৫৮ |
| ও, দেখবি রে ভাই | ৭ | ৩০ |
| ও ভাই দেখে যা | ৭ | ৩০ |
| কাল সকালে উঠব মোরা | ৮ | ৩২ |
| কী বলিলে কী শুনিলাম | ২৩ | ৭১ |
| কী করিনু হায় | ২০ | ৬২ |
| কী ঘোর নিশীথ, নীরব ধরা | ১৩ | ৪৪ |
| কী দোষ করেছি তোমার | ২০ | ৬৩ |
| কে এল আজি এ ঘোর নিশীথে | ১৯ | ৫৯ |
| কে জানে কোথা সে | ২২ | ৬৭ |
| ক্ষমা করো মোরে তাত | ২৪ | ৭২ |
| গহন ঘন ছাইল ( সঘন ঘন ছাইল ) | ১২ | ৪০ |
| গহনে গহনে যা রে তোরা | ১৫ | ৫০ |
| চল্‌ চল্‌ ভাই | ১৬ | ৫২ |
| জয়তি জয় জয় রাজন্‌ | ১৫ | ৫০ |
| জল এনে দে রে বাছা | ১১ | ৩৮ |
| ঝম্‌ ঝম্‌ ঘন ঘন রে | ১২ | ৪২ |
| ঠাকুরমশয়, দেরি না সয় | ১৭ | ৫৫ |
| না জানি কোথা এলুম | ২০ | ৬১ |
| না না, কাজ নাই, যেয়ো না বাছা | ১১ | ৩৯ |
| নেহারো লো সহচরি | ৯ | ৩৭ |
| প্রাণ নিয়ে তো সট্‌কেছি রে | ১৭ | ৫৩ |

| | গান | স্বরলিপি |
|---|---|---|
| ফুলে ফুলে ঢলে ঢলে | ৯ | ৩৫ |
| বনে বনে সবে মিলে চলো হো | ১৫ | ৪৮ |
| বলো বলো পিতা, কোথা সে গিয়েছে | ২২ | ৬৬ |
| বেলা যে চলে যায় | ৭ | ২৯ |
| মানা না মানিলি, তবুও চলিলি | ১৪ | ৪৬ |
| যাও রে অনন্ত ধামে মোহমায়া পাশরি | ২৫ | ৭৪ |
| শোক তাপ গেল দূরে | ২৫ | ৭৪ |
| সকলি ফুরালো স্বপন-প্রায় | ২৫ | ৭৭ |
| সমুখেতে বহিছে তটিনী | ৯ | ৩৪ |
| হায় কী হল | ২০ | ৬১ |

## প্রথম দৃশ্য

### তপোবন

ঋষিকুমারের প্রবেশ

বেলা যে চলে যায়, ডুবিল রবি।
ছায়ায় ঢেকেছে ঘন অটবী।
কোথা সে লীলা গেল কোথায়!
লীলা, লীলা, খেলাবি আয়।

লীলার প্রবেশ

লীলা। ও ভাই, দেখে যা,
কত ফুল তুলেছি।
ঋষিকুমার। তুই আয় রে কাছে আয়,
আমি তোরে সাজিয়ে দি।
তোর হাতে মৃণাল-বালা,
তোর কানে চাঁপার দুল,
তোর মাথায় বেলের সিঁথি,
তোর খোঁপায় বকুল ফুল।
লীলা। ও, দেখবি রে ভাই, আয় রে ছুটে,
মোদের বকুল গাছে
রাশি রাশি হাসির মত
ফুল কত ফুটেছে।
কত গাছের তলায় ছড়াছড়ি
গড়াগড়ি যায়—

ও ভাই, সাবধানেতে আয় রে হেথা,
দিস্ নে দ'লে পায়।

লীলা। কাল সকালে উঠব মোরা,
যাব নদীর কূলে,
শিব গড়িয়ে করব পুজো,
আন্‌ব কুসুম তুলে।

ঋষিকুমার। মোরা ভোরের বেলা গাঁথব মালা,
দুলব সে দোলায়,
বাজিয়ে বাঁশি গান গাহিব
বকুলের তলায়।

লীলা। না ভাই, কাল সকালে মায়ের কাছে
নিয়ে যাব ধ'রে,
মা বলেছে ঋষির সাজে
সাজিয়ে দেবে তোরে।

ঋষিকুমার। সন্ধ্যা হয়ে এল যে ভাই,
এখন যাই ফিরে—
একলা আছেন অন্ধ পিতা
আঁধার কুটিরে।

## দ্বিতীয় দৃশ্য

### বন

বনদেবীগণ

প্রথম। সমুখেতে বহিছে তটিনী,
দুটি তারা আকাশে ফুটিয়া,
দ্বিতীয়। বায়ু বহে পরিমল লুটিয়া।
তৃতীয়। সাঁঝের অধর হতে
ম্লান হাসি পড়িছে টুটিয়া।
চতুর্থ। দিবস বিদায় চাহে,
সরযূ বিলাপ গাহে,
সায়াহ্নেরি রাঙা পায়ে
কেঁদে কেঁদে পড়িছে লুটিয়া!
সকলে। এসো সবে এসো, সখী,
মোরা হেথা ব'সে থাকি—
প্রথম। আকাশের পানে চেয়ে
জলদের খেলা দেখি!
সকলে। আঁখি-'পরে তারাগুলি
একে একে উঠিবে ফুটিয়া।
সকলে। ফুলে ফুলে ঢ'লে ঢ'লে বহে কিবা মৃদু বায়,
তটিনী হিল্লোল তুলে কল্লোলে চলিয়া যায়!
পিক কিবা কুঞ্জে কুঞ্জে কুহু কুহু কুহু গায়,
কী জানি কিসেরি লাগি প্রাণ করে হায়-হায়
প্রথম। নেহারো লো সহচরী,
কানন আঁধার করি
ওই দেখো বিভাবরী আসিছে।

দ্বিতীয়। দিগন্ত ছাইয়া
শ্যাম মেঘরাশি থরে থরে ভাসিছে।

তৃতীয়। আয় সখী, এই বেলা,
মাধবী মালতী বেলা
রাশি রাশি ফুটাইয়ে কানন করি আলা।

চতুর্থ। ওই দেখো নলিনী উথলিত সরসে
অস্ফুট মুকুলমুখী মৃদু মৃদু হাসিছে।

সকলে। আসিবে ঋষিকুমার কুসুমচয়নে,
ফুটায়ে রাখিয়া দিব তারি তরে সযতনে।
নিচু নিচু শাখাতে ফোটে যেন ফুলগুলি,
কচি হাত বাড়াইয়ে পায় যেন কাছে!

## তৃতীয় দৃশ্য

### কুটির

অন্ধ ঋষি ও ঋষিকুমার

বেদপাঠ

অন্তরিক্ষোদরঃ কোশো ভূমিবুধ্নো ন জীর্যতি দিশোহস্য স্রক্তয়োদ্যৌরস্যোত্তরং বিলং স এষ কোশোবসুধানস্তস্মিন্ বিশ্বমিদং শ্রিতম্ ॥

তস্য প্রাচী দিগ্ জুহূর্নাম সহমানা নাম দক্ষিণা রাজ্ঞী নাম প্রতীচী সুভূতা নমোদীচী তাসাং বায়ুর্বৎসঃ স য এতমেবং বায়ুং দিশাং বৎসং বেদ ন পুত্র রোদং রোদিতি সোঽহমেতমেবং বায়ুং দিশাং বৎসং বেদ মা পুত্ররোদং রুদম্ ॥

অন্ধ ঋষি । জল এনে দে রে বাছা, তৃষিত কাতরে ।
শুকায়েছে কণ্ঠ তালু, কথা নাহি সরে ।

মেঘগর্জন

না না, কাজ নাই, যেয়ো না বাছা,
গভীরা রজনী ঘোর, ঘন গরজে—
তুই যে এ অন্ধের নয়নতারা ।
আর কে আমার আছে !
কেহ নাই— কেহ নাই—
তুই শুধু রয়েছিস হৃদয় জুড়ায়ে ।
তোরেও কি হারাব বাছা রে—
সে তো প্রাণে সবে না !

ঋষিকুমার । আমা-তরে অকারণে ওগো পিতা, ভেবো না ।
অদূরে সরযূ বহে— দূরে যাব না ।
পথ যে সরল অতি,
চপলা দিতেছে জ্যোতি—
তবে কেন, পিতা, মিছে ভাবনা ।
অদূরে সরযূ বহে— দূরে যাব না ।

প্রস্থান

## চতুর্থ দৃশ্য

### বন

বনদেবতা

সঘন ঘন ছাইল গগন ঘনাইয়া,
স্তিমিত দশ দিশি,
স্তম্ভিত কানন,
সব চরাচর আকুল—
কী হবে কে জানে,
ঘোরা রজনী,
দিক-ললনা ভয়বিভলা।
চমকে চমকে সহসা দিক উজলি
চকিতে চকিতে মাতি ছুটিল বিজলী
থরহর চরাচর পলকে ঝলকিয়ে।
ঘোর তিমির ছায় গগন মেদিনী।
গুরু গুরু নীরদ-গরজনে
স্তব্ধ আঁধার ঘুমাইছে।
সহসা উঠিল জেগে প্রচণ্ড সমীরণ,
কড় কড় বাজ!

প্রস্থান

বনদেবীগণের প্রবেশ

সকলে। ঝম্ ঝম্ ঘন ঘন রে বরষে।
দ্বিতীয়। গগনে ঘনঘটা, শিহরে তরু লতা-

তৃতীয়। ময়ূর ময়ূরী নাচিছে হরষে।

সকলে। দিশি দিশি সচকিত, দামিনী চমকিত,

প্রথম। চমকি উঠিছে হরিণী তরাসে।

সকলে। আয় লো সজনী, সবে মিলে—
ঝর ঝর বারিধারা,
মৃদু মৃদু গুরু গুরু গর্জন—
এ বরষা-দিনে
হাতে হাতে ধরি ধরি
গাব মোরা লতিকা-দোলায় দুলে।

প্রথম। ফুটাব যতনে কেতকী কদম্ব অগণন,

দ্বিতীয়। মাখাব বরন ফুলে ফুলে।

তৃতীয়। পিয়াব নবীন সলিল, পিয়াসিত তরুলতা-

চতুর্থ। লতিকা বাঁধিব গাছে তুলে।

প্রথম। বনেরে সাজায়ে দিব, গাঁথিব মুকুতাকণা
পল্লবশ্যামদুকূলে।

দ্বিতীয়। নাচিব, সখি, সবে নবঘন-উৎসবে
বিকচ বকুলতরু-মূলে!

ঋষিকুমারের প্রবেশ

ঋষিকুমার। কী ঘোর নিশীথ, নীরব ধরা,
পথ যে কোথায় দেখা নাহি যায়,
জড়ায়ে যায় চরণে লতাপাতা।
যাই, ত্বরা ক'রে যেতে হবে,
সরযূতটিনীতীরে—
কোথায় সে পথ।
ওই কলকল রব—
আহা, তৃষিত জনক মম,
যাই তবে যাই ত্বরা।

বনদেবীগণ। এই ঘোর আঁধার, কোথা রে যাস্‌!
ফিরিয়ে যা, তরাসে প্রাণ কাঁপে।
স্নেহের পুতুলি তুই,
কোথা যাবি একা এ নিশীথে,
কী জানি কী হবে, বনে হবি পথহারা!

ঋষিকুমার। না, কোরো না মানা, যাব ত্বরা।
পিতা আমার কাতর তৃষায়,
যেতেছি তাই সরযূনদীতীরে।

বনদেবীগণ। মানা না মানিলি, তবুও চলিলি,
কী জানি কী ঘটে!
অমঙ্গল হেন প্রাণে জাগে কেন—
থেকে থেকে যেন প্রাণ কেঁদে ওঠে!
রাখ্‌ রে কথা রাখ্‌, বারি আনা থাক্‌,
যা, ঘরে যা ছুটে!
অয়ি দিগঙ্গনে, রেখো গো যতনে
অভয় স্নেহছায়ায়!
অয়ি বিভাবরী, রাখো বুকে ধরি
ভয় অপহরি, রাখো এ জনায়!
এ যে শিশুমতি, বন ঘোর অতি—
এ যে একেলা অসহায়!

## পঞ্চম দৃশ্য

শিকারীগণের প্রবেশ

বনে বনে সবে মিলে চলো হো ! চলো হো
ছুটে আয়, শিকারে কে রে যাবি আয় !
এমন রজনী বহে যায় রে !
ধনু বাণ বল্লম লয়ে হাতে
আয় আয় আয় আয় রে !
বাজা শিঙ্গা ঘন ঘন—
শব্দে কাঁপিবে বন,
আকাশ ফেটে যাবে,
চমকিবে পশু পাখি সবে,
ছুটে যাবে কাননে কাননে,
চারি দিক ঘিরে যাব পিছে পিছে,
হোঃ হোঃ হোঃ হোঃ ।

দশরথের প্রবেশ

শিকারীগণ । জয়তু জয় জয় রাজন্, বন্দি তোমারে
কে আছে তোমা-সমান ।
ত্রিভুবন কাঁপে তোমার প্রতাপে !
তোমারে করি প্রণাম !

শিকারীদের প্রতি

দশরথ । গহনে গহনে যা রে তোরা—
নিশি ব'হে যায় রে !

তন্ন তন্ন করি অরণ্য
*করী বরাহ খোঁজ গে !*
এই বেলা যা রে।
*নিশাচর পশু সবে*
এখনি বাহির হবে,
ধনুর্বাণ নে রে হাতে, চল্ ত্বরা চল্।
জ্বালায়ে মশাল-আলো এই বেলা আয় রে !

প্রস্থান

প্রথম শিকারী। চল্ চল্ ভাই,
ত্বরা ক'রে মোরা আগে যাই।
দ্বিতীয়। প্রাণপণ খোঁজ্ এ বন সে বন,
তৃতীয়। চল্ মোরা ক'জন ও দিকে যাই,
প্রথম। না না ভাই, কাজ নাই,
হোথা কিছু নাই— কিছু নাই—
ওই ঝোপে যদি কিছু পাই।
তৃতীয়। বরা ! বরা !
প্রথম। আরে দাঁড়া দাঁড়া,
অত ব্যস্ত হলে কস্কাবে শিকার !
চুপি চুপি আয়, চুপি চুপি আয়,
ওই অশথতলায়,
এবার ঠিক্‌ঠাক্ হয়ে সবে থাক্—
সাবধান, ধরো বাণ, সাবধান ছাড়ো বাণ।
দুই-তিন জন। গেল গেল ওই ওই পালায় পালায়,
চল্ চল্
ছোট্ রে পিছে, আয় রে ত্বরা যাই।

প্রস্থান

বিদূষকের সভয়ে প্রবেশ

বিদূষক। প্রাণ নিয়ে তো সট্‌কেছি রে,
ওরে বরা, করবি এখন কী!
বাবা রে!
অমি চুপ ক'রে এই
আমড়াতলায় লুকিয়ে থাকি।
এই মরদের মুরোদখানা,
দেখেও কি রে ভড়্‌কালি না,
বাহবা, সাবাস্‌ তোরে
সাবাস্‌ রে তোর ভরসা দেখি।
গরিব ব্রাহ্মণের ছেলে
ব্রাহ্মণীরে ঘরে ফেলে
কোথা এলেম এ ঘোর বনে,
মনে আশা ছিল মস্ত,
চলবে ভালো দক্ষিণ হস্ত,
হা রে রে পোড়া কপাল,
তাও যে দেখি কেবল ফাঁকি।

শিকারীগণের প্রবেশ

শিকারীগণ। ঠাকুরমশয়, দেরি না সয়,
তোমার আশায় সবাই ব'সে।
শিকারেতে হবে যেতে
মিহি কোমর বাঁধ ক'ষে!
বন-বাদাড় সব ঘেঁটে ঘুঁটে
আমরা মরি খেটে খুটে,
তুমি কেবল লুটে পুটে
পেট পোরাবে ঠেসে ঠুসে!

বিদূষক। কাজ কী খেয়ে, তোফা আছি,
আমায় কেউ না খেলেই বাঁচি!
শিকার করতে যায় কে মরতে,
ঢুঁসিয়ে দেবে বরা মোষে।
ঢুঁ খেয়ে তো পেট ভরে না,
সাধের পেটটি যাবে ফেঁসে।

হাসিতে হাসিতে শিকারীগণের প্রস্থান

বিদূষক। আঃ বেঁচেছি এখন।
শর্মা ও দিকে আর নন।
গোলেমালে ফাঁকতালে সট্‌কেছি কেমন
বাবা! দেখে বরা'র দাঁতের পাটি,
লেগেছিল দাঁতকপাটি,
পড়ল খ'সে হাতের লাঠি
কে জানে কখন।
চুলগুলা সব ঘাড়ে খাড়া,
চক্ষু দুটো মশাল-পারা,
গোঁ ভরে হেঁট-মুখে তাড়া
কল্লে সে যখন,
রাস্তা দেখতে পাই নে চোখে,
পেটের মধ্যে হাত পা ঢোকে,
চুপ্‌সে গেল ফাঁপা ভুঁড়ি
শঙ্কাতে তখন।

প্রস্থান

শিকার স্কন্ধে শিকারীগণের প্রবেশ

এনেছি মোরা এনেছি মোরা
রাশি রাশি শিকার,
করেছি ছারখার,
সব   করেছি ছারখার।
বন-বাদাড় তোলপাড়,
করেছি রে উজাড়!

গাইতে গাইতে প্রস্থান

বনদেবীদের প্রবেশ

কে এল আজি এ ঘোর নিশীথে,
সাধের কাননে শান্তি নাশিতে।
মত্ত করী যত পদ্ম-বন দলে
বিমল সরোবর মন্থিয়া,
ঘুমন্ত বিহগে কেন বধে রে
সঘনে খর শর সন্ধিয়া!
তরাসে চমকিয়ে হরিণ হরিণী
স্খলিত চরণে ছুটিছে!
স্খলিত চরণে ছুটিছে কাননে,
করুণ-নয়নে চাহিছে।
আকুল সরসী, সারস সারসী
শরবনে পশি কাঁদিছে।
তিমির দিগ ভরি ঘোর যামিনী,
বিপদ-ঘন ছায়া ছাইয়া।
কী জানি কী হবে আজি এ নিশীথে,
তরাসে প্রাণ ওঠে কাঁপিয়া!

প্রস্থান

দশরথের প্রবেশ

দশরথ। না জানি কোথা এলুম, এ যে ঘোর বন।
কোথা গেল সে করী-শিশু, কোথা লুকাল
একে তো জটিল বন, তাহে আঁধার ঘন!
যাক্ না যাবে সে কত দূর কত দূর—
যাব পিছে পিছে,
না না না না ও কী শুনি!
ওই সে সরযূ-তীরে করিছে সলিল পান,
শবদ শুনি যে ওই, এই তবে ছাড়ি বাণ!

নেপথ্যে বনদেবীগণ

হায় কী হল! হায় কী হল!

বাণাহত ঋষিকুমারের নিকট দশরথের গমন

দশরথ। কী করিনু হায়!
এ তো নয় রে করী-শিশু। ঋষির তনয়!
নিঠুর প্রখর বাণে রুধিরে আপ্লুত কায়,
কার রে প্রাণের বাছা ধুলাতে লুটায়!
কী কুলগ্নে না জানি রে ধরিলাম বাণ,
কী মহাপাতকে কার বধিলাম প্রাণ!
দেবতা, অমৃতনীরে হারা-প্রাণ দাও ফিরে,
নিয়ে যাও মায়ের কোলে মায়ের বাছায়!

মুখে জলসিঞ্চন

ঋষিকুমার। কী দোষ করেছি তোমার,
কেন গো হানিলে বাণ!

একই বাণে বধিলে যে
দুটি অভাগার প্রাণ।
শিশু বনচারী আমি,
কিছুই নাহিকো জানি,
ফল মূল তুলে আনি,
করি সামবেদ গান।
জন্মান্ধ জনক মম
তৃষায় কাতর হয়ে
রয়েছেন পথ চেয়ে
কখন যাব বারি লয়ে।
মরণান্তে নিয়ে যেয়ো,
এ দেহ তাঁর কোলে দিয়ো,
দেখো দেখো, ভুলো নাকো,
কোরো তাঁরে বারি দান।
মার্জনা করিবেন পিতা—
তাঁর যে দয়ার প্রাণ।

মৃত্যু

## ষষ্ঠ দৃশ্য

### কুটির

অন্ধ ঋষি

অন্ধ। আমার প্রাণ যে ব্যাকুল হয়েছে,
হা তাত, একবার আয় রে!
ঘোরা রজনী, একাকী,
কোথা রহিলে এ সময়ে!
প্রাণ যে চমকে মেঘ-গরজনে,
কী হবে কে জানে!

লীলার প্রবেশ

লীলা। বলো বলো পিতা, কোথা সে গিয়েছে!
কোথা সে ভাইটি মম, কোন্ কাননে,
কেন তাহারে নাহি হেরি!
খেলিবে সকালে আজ বলেছিল সে,
তবু কেন এখনো না এল।
বনে বনে ফিরি 'ভাই ভাই' করিয়ে,
কেন গো সাড়া পাই নে!

অন্ধ। কে জানে কোথা সে!
প্রহর গণিয়া গণিয়া বিরলে
তারি লাগি বসে আছি।
একা হেথা কুটিরদুয়ারে—
বাছা রে, এলি নে!

ত্বরা আয়, ত্বরা আয়, আয় রে,
জল আনিয়ে কাজ নাই,
তুই যে আমার পিপাসার জল।
কেন রে জাগিছে মনে ভয়।
কেন আজি তোরে, হারাই হারাই
মনে হয়। কে জানে।

লীলার প্রস্থান

মৃতদেহ লইয়া দশরথের প্রবেশ

অন্ধ। এতক্ষণে বুঝি এলি রে।
হৃদি-মাঝে আয় রে, বাছা রে।
কোথা ছিলি বনে, এ ঘোর রাতে,
এ দুর্যোগে, অন্ধ পিতারে ভুলি।
আছি সারা নিশি হায় রে
পথ চাহিয়ে, আছি তৃষায় কাতর,
দে মুখে বারি, কাছে আয় রে।

দশরথ। অজ্ঞানে করো হে ক্ষমা তাত, ধরি চরণে,
কেমনে কহিব, শিহরি আতঙ্কে।
আঁধারে সন্ধানি শর খরতর,
করী-ভ্রমে বধি তব পুত্রবর
গ্রহদোষে পড়েছি পাপপঙ্কে।

দশরথ-কর্তৃক ঋষির নিকটে ঋষিকুমারের মৃতদেহ স্থাপন

অন্ধ। কী বলিলে, কী শুনিলাম, এ কি কভু হয়।
এই যে জল আনিবারে, গেল সে সরযূতীরে,
কার সাধ্য বধে সে যে ঋষির তনয়।
সুকুমার শিশু সে যে, স্নেহের বাছা রে,
আছে কি নিষ্ঠুর কেহ, বধিবে যে তারে।

*না না না, কোথা সে আছে, এনে দে আমার কাছে,*
*সারা নিশি জেগে আছি, বিলম্ব না সয়!*
*এখনো যে নিরুত্তর, নাহি প্রাণে ভয়!*
*রে দুরাত্মা, কী করিলি—*

অভিশাপ

পুত্র ব্যসনজং দুঃখং যদেতন্মম সাংপ্রতম্।
এবং ত্বং পুত্র শোকেন রাজন্ কালং করিষ্যসি ॥

দশরথ। ক্ষমা করো মোরে তাত,
আমি যে পাতকী ঘোর,
না জেনে হয়েছি দোষী,
মার্জনা নাহি কি মোর।
ও সহে না যাতনা আর
শান্তি পাইব কোথায়,
তুমি কৃপা না করিলে
নাহি যে কোনো উপায়।
আমি দীন হীন অতি
ক্ষমো ক্ষমো কাতরে,
প্রভু হে, করহ ত্রাণ
এ পাপের পাথারে।

অন্ধ। আহা, কেমনে বধিল তোরে!
তুই যে স্নেহের পুতলি, সুকুমার শিশু ওরে!
বড়ো কি বেজেছে বুকে, বাছা রে,
কোলে আয়, কোলে আয় একবার,
ধুলাতে কেন লুটায়ে, রাখিব বুকে ক'রে।

কিয়ৎক্ষণ স্তব্ধভাবে অবস্থান ও অবশেষে উঠিয়া দাঁড়াইয়া

দশরথের প্রতি

শোক তাপ গেল দূরে,
মার্জনা করিনু তোরে!

পুত্রের প্রতি

যাও রে অনন্ত ধামে মোহ মায়া পাশরি
দুঃখ আঁধার যেথা কিছুই নাহি।
জরা নাহি, মরণ নাহি, শোক নাহি যে লোকে,
কেবলি আনন্দস্রোত চলিছে প্রবাহি!
যাও রে অনন্ত ধামে, অমৃত-নিকেতনে,
অমরগণ লইবে তোমা উদার-প্রাণে!
দেব ঋষি, রাজ ঋষি, ব্রহ্ম ঋষি যে লোকে
ধ্যান-ভরে গান করে এক তানে!
যাও রে অনন্ত ধামে, জ্যোতির্ময় আলয়ে,
শুভ্র সেই চির-বিমল পুণ্য কিরণে—
যায় যেথা দানব্রত, সত্যব্রত, পুণ্যবান,
যাও বৎস, যাও সেই দেব-সদনে!

যবনিকাপতন

পুনরুত্থান

ঋষিকুমারের মৃতদেহ ঘেরিয়া বনদেবীদের গান

সকলি ফুরাল, স্বপন-প্রায়,
কোথা সে লুকাল, কোথা সে হায়।
কুসুমকানন হয়েছে ম্লান,
পাখিরা কেন রে গাহে না গান,
ও সব হেরি শূন্যময়—
কোথা সে হায়!

কাহার তরে আর ফুটিবে ফুল,
মাধবী মালতী কেঁদে আকুল !
সেই যে আসিত তুলিতে জল,
সেই যে আসিত পাড়িতে ফল,
ও সে আর আসিবে না—
কোথা সে হায় !

যবনিকাপতন

# স্বরলিপি

## মিশ্র ভূপালী। ঝাঁপতাল

## বেলা যে চলে যায়

II গা -া | পজ্ঞা -পা গা | রা রা | সন্‌া -সা -ধ্‌া I
বে • লা• • যে চ লে যা• • য়্

I সা সা | রসা -রসা রা | গা -া | -া -া -া I
ডু বি ল• •• র বি • • • •

I গা -া | গা -া গা | পা -জ্ঞপা | গা -রা -া I
ছা • য়া য়্ ঢে কে •• ছে • •

I রা গা | পা -ধা র্সা | র্রর্রা -র্সর্সা | -ধপা -গরা -সরা II
ঘ ন অ • ট বী• •‿ •• •• ••

II {র্সা -া | নর্সা -র্রা র্সা | না -ধা | পা -গা -া I
কো • থা• • সে নী • লা • •

I গা -ধা | পা -জ্ঞা পা | গা -রা | -সা -া -া } I
গে • ল • কো থা • • • য়্

I পা -ধা | র্সা -া -া | পা -ধা | র্রা -া -া I
নী • লা • • নী • লা • •

I র্সা -না | ধা -া পজ্ঞা | গা -রা | -সা -া -রা II II
খে • লা • বি• আ • • • য়্

মিশ্র খাম্বাজ। ত্রিতাল

## ও ভাই দেখে যা। তুই আয়রে কাছে আয়

II সপাঃ -সঃ সা ধা | পাঃ -সঃ সা পা | সা -পা পমা মা | গা -া -া { প্া I
ওভা ই দে খে যা • ক ত ফু ল্ তু• লে ছি • • তুই

॥
I সাঃ প্ঃ সা রা | মগা -রা -া গমা | পা সা গরা সন্া | সা -া -া } গমা I
আয়্ রে কা ছে আ• • য়্ আমি তো রে সা• জিয়ে দি • ই তোর্

I পাঃ ধঃ পা মা | গা -মা পা পা | ধাঃ ধঃ পমা গরা | রসাঃ -রঃ -ন্া প্া I
হা তে মৃ ণাল্ বা • লা তোর্ কা নে চাঁ• পার্ দু • ল্ তোর্

I সা প্া সা রা | মগা রা -া গমা | পা সা গরা সন্া | সা -া -া -া II II
মা থায়্ বে লের্ সিঁ• থি • তোর্ খোঁ পায়্ ব• কুল্ ফু • • ল্

মিশ্র খাম্বাজ। খেমটা

## ও দেখ্‌বি রে ভাই

পা II র্সা -া না | ধপা ধা -া | মা -া পা | গা মা -া I
ও দে খ্ বি রে• ভা ই আ য়্ রে ছু টে •

॥
I পা সা -া | মা গা -মা | রা -া -গরা | সা -া -া I
মো দে র্ ব কু ল্ গা • •• ছে • •

I সা সা -রা | রা রা -া | রা রা -গা | মা পা -া I
রা শি • রা শি • হা সি র্ ম ত •

I পা -া ধা | মা -ণা ধা | পা -মা -গা | রা -া পা II
ফু ল্ ক ত • ফু টে • • ছে • "ও"

পা পা II র্সা ধা -া | না পা -া | র্সা ধা -া | না পা -া I
ক ত গা ছে য়্ ত লা য়্ ছ ড়া • ছ ড়ি •

I র্সা না -র্সা | র্রা র্সা -না | ধা -া -া | -া পা পা I
গ ড়া • গ ড়ি • যা • • য়্ ও ভাই

I র্সা -া না | ধপা ধা -া | মা -া পা | গা গা -মা I
সা ব্ ধা নে• তে • আ য়্ রে হে থা •

I পা -া সা | মা গা -মা | রা -া -গরা | -সা -া -া II II
দি স্ নে দ' লে • পা • •• • • য়্

## মিশ্র বিভাস। খেমটা

## কাল সকালে উঠব মোরা

II সা -া সা | সা গা -া | রা -গা সা | রা গা -া I
কা ল্ স কা লে ০ উ ঠ্ ব মো রা ০

I সা সা -া | গা পা -া | ধা ধা -া | -া -া -া I
যা ব ০ ন দী র্ কূ লে ০ ০ ০ ০

I ধা -র্সা র্সনা | ধা পমা -পা | গা -া সা | রা গা -া I
শি ব্ গ ০ ড়ি য়ে ০ ০ ক র্ ব পু জো ০

[ গা গরা ]
I সা -া ধ্া | ধ্া ধ্া -রা | রা সা -া | -া { সা সা I
আ ন্ ব কু সু ম্ তু লে ০ ০ মো রা

I সা সন্া -সা | রা গা -া | রা -গা সা | রা গা -া I
ভো রে ০ র্ বে লা ০ গাঁ থ্ ব মা লা ০

I সা -া সা | গা রা -মা | গা -া -া | -া } -া -া I
দু ল্ ব সে দো ০ লা ০ ০ য়্ ০ ০

I র্সা র্সনা র্সা | ধা পক্ষা -পা | গা -া সা | রা গা -া I
বা জি ০ য়ে বাঁ শি ০ ০ গা ন্ গা হি ব ০

I সা সা -ধ্া | ধ্া -রা রা | সা -া -া | র্সা র্সনা -র্সা I
ব কু ০ লে র্ ত লা ০ য়্ না ভা ০ ই

I পা -পা সা | ঋা গা -া | ঋা সা -া | ঋা গা -া I
কা ল্ স কা লে • যা রে র্ কা ছে •

I সা সা -া | গা পা -া | ধা ধা -া | -া -া -া I
নি য়ে • যা ব • ঘ রে • • • •

I ধা -র্সা র্সনা | ধা পক্ষা -পা | গা সা -া | ঋা গা -া I
মা • ব• লে ছে• • ঋ ষি র্ সা জে •

I সা সা ধ্া | ধ্া ধ্া -ঋা | ঋা সা -া | -া -া -া I
সা জি য়ে দে বে • তো রে • • • •

I গা -া গা | পা ধা -া | পা ধা -া | পা ধা -া I
স ন্ ধ্যা হ য়ে • এ ল • যে ভা ই

I র্সা র্সা -া | নর্সা -র্ঋা র্ঋা | র্সা -া -া | -না -ধা -পা I
এ খ ন্ যা• ই ফি রে • • • • •

I পা -া র্সা | না র্সনা -র্সা | ধা -না পা | গা পক্ষা -পা I
এ ক্ লা আ ছে• ন্ অ ন্ ধ পি তা• •

I গক্ষা ঋা -া | গা ঋা -গঋা | সা -া -া | -া -া -া II II
আঁ• ধা র্ কু টী •• রে • • • • •

**মিশ্র সিন্ধু। ত্রিতাল**

**সমুখেতে বহিছে তটিনী**

II { সা -া রা -া | রা -া রা -জ্ঞা | রা জ্ঞা রজ্ঞা -মা | জ্ঞা রা সা -া I
স ॰ মু ॰ খে ॰ তে ॰ ব হি ছে॰ ॰ ত টি নী ॰

I ( ধা -া পা -ধা | পা -ধা পা -মজ্ঞা | রা জ্ঞা রজ্ঞা -মা | জ্ঞা রা সা -রন্‌া ) } I
দু ॰ টি ॰ তা ॰ রা ॰॰ আ কা শে॰ ॰ ফু টি য়া ॰॰

I পা -র্সা না -া | র্সা -া নর্সা -র্রা | র্সা ণা ধা পা | মা জ্ঞা রা -সন্‌া II
বা ॰ যু ॰ ব ॰ হে॰ ॰ প রি ম ল লু টি য়া ॰॰

II সা -র্সা না -া | র্সা -া র্সনা -র্রা | র্সা -ণা ণা -ধা | পা -ধপা মা -া I
সাঁ ॰ ঝে ॰ র ॰ অং ॰ ধ ॰ র ॰ হ ॰॰ তে ॰

I পা -ধা র্সণাঃ -ধঃ | পা -ধা পা -মজ্ঞা | রা জ্ঞা রজ্ঞা -মা | জ্ঞা রা সা -রন্‌া II
ম্লা ॰ ন ॰ হা ॰ সি ॰॰ প ড়ি ছে॰ ॰ টু টি য়া ॰॰

[ র্সা -ণা ধা -পা ]
II { পা -া পা -মা | পা -া ধা -া | না -া -র্সা -র্রা | র্সনা -া র্সা -া I
দি ॰ ব ॰ স ॰ বি ॰ দা ॰ ॰ য় চা॰ ॰ হে ॰

I পা -র্সা না -া | র্সা -র্রা র্মর্জ্ঞাঃ -র্রঃ | র্সা -র্রা র্সা -ণা | ( ণা -া ধণা -র্সর্রা ) } I ণা -ধা পা -া I
স ॰ ম ॰ যু ॰ বি॰ ॰ না ॰ প ॰ গা ॰ হে॰ ॰॰ গা ॰ হে ॰

I পা -র্সা না -া | র্সা -া নর্সা -র্রা | ণা -র্সা ণা -ধা | পা -ধপা মা -া I
সা ॰ রা ॰ ছে ॰ রি॰ ॰ রা ॰ ভা ॰ পা ॰॰ রে ॰

I পা -ধা ণপাঃ -ধঃ | পা -ধা পা -মজ্ঞা | রা জ্ঞা রজ্ঞা -মা | জ্ঞা রা সা -রন্‌া II
কেঁ • দে • কেঁ • দে •• প ড়ি ছে• • লু টি য়া ••

II পা -া মা -া | গা -া রা -া | গা -া পা -া | ধা -া না -া I
এ • স • স • বে • এ • স • স • খি •

I ধা -া না -া | র্সা -না র্রা -া | র্সা -না র্সা -না | ধা -নধা পা -া I
যো • মা • হে • পা • ব • সে • থা •• কি •

I পা -না না -া | র্সা -া র্সনা -র্রা | ণা -র্সা ণা -ধা | পা -ধা পা -া I
আ • কা • শে • র• • পা • নে • চে • য়ে •

I মা -পা গা -া | মা -া পা -ধা | মা -পা মা -া | গা -া গা -া I
জ • ল • দে • র • খে • লা • দে • খি •

I সণা -া ণা -া | ধা -ণা ধা -ণা | ধণা -র্সা ণা -ধা | পা -ধা পা -া I
আঁ • খি • প • রে • তা• • রা • গু • লি •

I মা -া মা -গমা | পা -া পা -মজ্ঞা | রা জ্ঞা রজ্ঞা -মা | জ্ঞা রা সা -রন্‌া II II
এ • কে •• এ • কে •• উ ঠি বে• • ফু টি য়া ••

মিশ্র কেদারা। খেম্‌টা

## ফুলে ফুলে ঢ'লে ঢ'লে

II { পমা -া মা | পা -ধপমা পা | ধা -র্সনর্সা ধা | পা -ধপমা পা I
ফু • লে ফু ••• লে ঢ' ••• লে ঢ' ••• লে

I ধা -পধপা মা | মা -রা সা | সা -রা পমা | মা -া -া } I
ব ••• হে কি • বা য় • হু বা • য়্

I সা -া সা | সরমা -া মা | মা -গমপা পা | পা -মপধা পা I
উ • ঠি নী•• • হিল্ লো ••• ল ভু ••• লে

I মা -া মগা | মা -গমধা পা | মা -গা মা | রা -া -সা I
ক ল্ লো• লে ••• চ লি • য়া যা • য়্

I { পর্সা -া নর্সর্রা | র্সা -ণা ধপধা | ধণা -া ধণর্সা | ণা -ধণা পা } I
পি • ক•• কি • বা•• কু ন্ জে•• কু •ন্ জে

I র্সা -ধা মা | র্সা -ধা মা | র্সা -ণা ণধা | পা -া -সা I
কু • হু কু • হু কু • হু• গা • য়্

I সা -মা মা | পমা -পমা পা | ধা -র্সণর্সা ধা | পধপা -মা পা I
কি • জা নি• •• কি সে ••• র লা•• • গি

I ধা -ণধপা মা | মা -রা সা | সা -রা -সরমা | মা -া -া II II
প্রা ••• ণ ক • রে হা • ••য়্ হা • য়্

ছায়ানট। ত্রিতাল

## নেহার লো সহচরি

II { র্রা রা পা মা | পা পা পা পধা | মা পা মা পা | মা গা গা গমা I
নে হা র লো স হ চ রি৹ কা ন ন আঁ ধা র ক রি৹

॥
I রা -া গা গা | মা ধা পা পমা | গা -মগা রা -গরা | সা -া -া -া } I
ও ই দে খ বি ভা ব রী৹ আ ৹৹ সি ৹৹ ছে ৹ ৹ ৹

I { পা পা -ধা পা | ধা ধা ধা -পধা | -পা -ধা -না -র্সনা | -ধা -নধা -পা -া } I
দি গ ন্ ত ছা ই য়া ৹৹ ৹ ৹ ৹ ৹৹ ৹ ৹৹ ৹ ৹

I রা -া গা গা | -মা ধা পা পমা | গা গা গা গমা | রা রা সা -া II
শ্যা ৹ ম মে ৹ ঘ রা শি৹ থ রে থ রে৹ জা গি ছে ৹

II { পা -া ধা র্সা | র্সা -া র্সা র্সা | র্সা না ধা পা | ধা র্সা র্সা র্সা I
আ য়্ স খি এ ই বে লা মা ধ বী মা ল তী বে লা

I র্সা র্রা র্রা র্রা | র্সা র্রা র্সা র্রা | র্সা -র্রা র্গা র্রা | র্সা না ধা পা } I
রা শি রা শি ফু টা ই য়ে কা ৹ ন ন ক রি আ লা

I { পা -া ধা পা | ধা ধা ধা -পধা | পা ধা না র্সনা | ধা নধা পা -া } I
ও ই দে খ ন লি নী ৹৹ উ থ লি ত৹ স র৹ সে ৹

I রা রা গা গা | মা মধা পা পা | মা গা গা মগা | রা রা সা -া II
অ ফু ট যূ ফু ল৹ যূ থী মু হু মু হু৹ হা সি ছে ৹

II { পা পা ধা র্সা | র্সা র্সা র্সনা -র্সা | নর্সা -র্রা র্রা র্রর্সা | র্সা র্সা র্সা -া I
আ সি বে ঋ বি তু মা॰ র্ কু॰ ॰ সু ম॰ চ য় নে ॰

I র্সা র্রা র্রা র্রা | র্সা র্রা র্সা র্রা | র্সা র্রা র্গা র্রা | র্সা না ধা পা } I
ফু টা য়ে রা খি য়া দি ব তা রি ত রে স য ত নে

I { পা পা ধা পা | ধা ধা ধা -ণধা | পা ধা না র্সনা | ধা -নধা পা পা } I
নি চু নি চু শা খা তে ॰ ॰ ফো টে যে ন॰ ফু ॰ ল্ গু লি

I রা রা গা -া | মা মধা পা পা | মা -গা গা মগা | রা -া সা -া II II
ক চি হা ত্ বা ড়া॰ ই য়ে পা য়্ যে ন॰ কা ॰ ছে ॰

জয়জয়ন্তী। ঝাঁপতাল

জল এনে দে রে বাছা

II রা -া | মগা -মা রা | রা রা | গরা -গা সা I
জ ল্ এ॰ ॰ নে দে রে বা॰ ॰ ছা

I সা সা | রগা -মা পা | মগমা -গা | রা -গা -সা I
তৃ ষি ত॰ ॰ কা ত॰ ॰ ॰ রে ॰ ॰

I পমা রা | মগা -মা মা | পা পা | র্সর্সা -র্রা র্সণা I
শু খা য়ে॰ ॰ ছে ক ণ্ঠ তা॰ ॰ লু॰

I ধা ধণা | পা -মা ধা | পা -মগা | রা -গা -সা II II
ক থা॰ না ॰ হি স ॰ ॰ রে ॰ ॰

## দেশ। ত্রিতাল

# না না কাজ নাই

[ মা -পধা ]
II পা -ধা ধর্সণাঃ -ধঃ | পা -ধা পাঃ -রঃ | রগা রপা মগমা গরগা | রা -া -া -া I
না ০ না০০ ০ কা জ্ না ই যে০ ও০ না০০ যা০০ ছা • • •

I রাঃ মঃ রা সা | রা সা ন্া -সা | ন্া রা সরা ন্া | সা -া -া -া I
গ ভী রা র জ নী ঘো র্ ঘ ন গ০ র জে • • •

I রা -া মা মা | পা -া ধা ণা | ণা র্সা ণর্সর্রা র্সণা | র্সর্সা -ণধা -পধা -পমা I [ ] I
তু ই যে এ অ ন্ ধে র ন য় ন০০ তা০ রা০ ০০ •• ••

II { পা -ধপা মা পনা | নধা -না র্সা র্সা | র্সনা র্সা র্রাঃ -র্জ্ঞঃ | র্সর্রা না র্সাঃ -ণঃ } I
আ ০র্ কে আ০ মা০ র্ আ ছে কে০ হ না ই কে০ হ না ই

I ণা -া ণা ণা | ধা ণা ধা -ণা | ণা র্সা ণর্সা -র্রা | র্সা ণধা পা -া I
তু ই শু ধু র য়ে ছি স্ হৃ দ য়০ • জু ড়া০ য়ে •

I পা পর্রা র্সা র্রা | র্সনা -ধনা র্সা -া | র্সনা নর্সর্রা র্সা -া | -া -া -া -পা I
তো রেও কি হা রা০ •• ব • বা০ ছা০০ রে • • • •

I পা--া ধা -া | ণা -া র্সা -ণর্সর্রা | ণর্সা ণধা পা -া | -া -ধা -মা -া II [ ] II
সে • তো • প্রা • ণে ••• স বে০ না • • • • •

## খাম্বাজ। ত্রিতাল

### আমা তরে অকারণে

II { র্সা ণা ধা পা | র্সা ণা ধা পা | মগমা রা মা পা | র্সা ণা ধা -া } I
আ মা ত রে অ কা র ণে ও ০ ০ গো পি তা ভে ব না ০

I সা মা গা মা | পা ধা না র্সা | র্রা র্রা র্সা র্সর্রা | ণর্সা -ণা -ধা -া II
অ দূ রে স র যূ ব হে দূ রে যা ব০ না০ ০ ০ ০

[ ধা ]
II { মা মা ধা না | র্সা না র্সা র্সা | র্সা না র্সা র্সর্রা | র্সা ণা ধা ধপা } I
প থ যে স র ল অ তি চ প লা দি০ তে ছে জ্যো তি০

I ধণা -া ধা পা | পধা -া পা মা | মপা পা মা গা | মা -া -া -া I
ত ০ বে কে ন ০ পি তা মি ছে ভা ব না ০ ০ ০

I সা মা গা মা | পা ধা না র্সা | র্রা র্রা র্সা র্সর্রা | ণর্সা -ণা -ধা -া II II
অ দূ রে স র যূ ব হে দূ রে যা ব০ না০ ০ ০ ০

## মিশ্র মল্লার। ত্রিতাল

### গহন ঘন ছাইল

II প্া পণ্া প্া পণ্া | প্া ম্া ম্া ম্া | প্া ন্া ন্া ন্া | নসা -া সা সা I
গ হ ন ঘ ন ছা ই ল গ গ ন ঘ না ০ ই য়া

I প্া ন্া ন্া ন্া | সা সা সা -া | সরা -া রা রা | রমা -গমা রা সা I
তি মি ত দ শ দি শি ০ স্ত ব্ তি ত কা০ ০ ০ ন ন

I -া ণ্া সা রা | গমা -গমা রা সা | ণ্া -ধ্ণ্া প্া প্া | -া -া -া -া I
• স ব চ  রা •• চ র  আ •• কু ল  • • • •

I মা মা মপা -া | -া -া -া -া | রা রা সা -া | -া -া -া -া I
কী হ বে• •  • • • •  কে জা নে •  • • • •

I প্া -ণ্া প্া পণ্া | প্া ম্া প্া ন্া | ন্া ন্া ন্া সা | সা সা সা সা II
ঘো • রা র  জ নী দি ক  ল ল না ভ  য় বি হ্ব লা

II { মা পা পা পা | পা পা পা পমা | মণা -ধা না না | র্সা না র্সা -া I
চ ম কে চ  ম কে স হ•  সা• • দি ক  উ জ লি •

I র্সা নর্সা ধা র্সা | র্সা র্সা র্সা র্সা | নর্সা -র্রা র্সা নর্সা | ধা ধা পা -া } I
চ কি তে চ  কি তে মা তি  ছু• • টি ল•  বি জ লী •

I মা মা মা মা | মপা পা মা পা | ধা ধর্সা র্সা র্সা | ধা ধা পা -া I
থ র হ র  চ• রা চ র  প ল• কে ঝ  ল কি য়া •

I মা -পা পা পা | পা পমা মপা -া | -া -মা -া -া | -জ্ঞা -া -া -া I
ঘো • র তি  মি রে• ছা •  • • • •  • • • য়্

I জ্ঞা জ্ঞা জ্ঞা রজ্ঞা | -মা -া -রা রা | সা -া -া -া | প্া ণ্া প্া প্া I
গ গ ন মে•  • • • দি  নী • • •  গু রু গু রু

I ন্া -সা সা সা | সা সা সা সা | রা -া রা রা | রা -সা রসা রা I
নী • র দ  গ র জ নে  স্ত ব্ ধ আঁ  ধা • র• ঘু

I মজ্ঞা -া -া -রজ্ঞমা | রা -া সা -া |
মা• • • • • •  ই • ছে •

দ্রুত লয় { মা মা মা মা | পা পা পা পা I
স হ সা উ ঠি ল জে গে

I পা পণা -া পা | পণা ণা পা পা } | সসা সসা সা -া | -া ণসা -প্া -া II II
প্র চ ণ্ ড স° মী র ণ কড় কড়° বা ০ ০ ০ ০ জ্

মল্লার । ত্রিতাল

ঝম্ ঝম্ ঘন ঘন রে বরষে

II { ণা -ধা পা -ধা | মা পা না না | র্সা -া -া -া | না র্রা র্সা -া I
ঝ ম্ ঝ ম্ ঘ ন ঘ ন রে ০ ০ ০ ব র ষে ০

I র্রা -া র্রা -া | র্রা র্রা র্রা র্রা | র্রা -র্জ্ঞা -র্রা -র্সা | না র্রা র্সা -া } I
ঝ ম্ ঝ ম্ ঘ ন ঘ ন রে ০ ০ ০ ব র ষে ০

I { মা মা মা মা | পা মা পা -া | মা জ্ঞা জ্ঞা মা | রা রা সা -া } I
গ গ নে ঘ ন ঘ টা ০ শি হ রে ত রু লা তা ০

I না না -া না | র্সা র্সা র্সা -া | না র্সা -া র্সা | না র্রা র্সা -া II
ম য়ূ ০ র ম য়ূ রী ০ না চি ০ ছে হ র ষে ০

II { মা পা না না | র্সা র্সা না র্সা | র্রা -র্মা র্রা র্সা | না না র্সা র্সা } I
দি শি দি শি স চ কি ত দা ০ মি নী চ ম কি ত

I { র্সা ণা ধা পা | মা পা না না | র্সা -া -া -া | না র্রা র্সা -া } II II
চ ম কি উ ঠি ছে হ রি ণী ০ ০ ০ ত রা সে ০

মল্লার । ত্রিতাল

## আয় লো সজনি সবে

[জ্ঞা]<br>
II { রা -মা মা মা | রা রা সন্‌ সা | রা -া পা -া | ( -মা -া -মজ্ঞা -া ) } I -া -া -া -া I<br>
আ য়্ লো স জ নি স০ বে মি ০ লে ০ ০ ০ ০ ০ ০ ০ ০ ০

I { মা -পা পা পা | পা পা মা পা | ধা -র্সা র্সা -নর্সা | -ধা -পধা -পা -ধপা } I<br>
আ য়্ লো স জ নি স বে মি ০ লে ০০ ০ ০০ ০ ০০

I রা -মা মা মা | রা রা সন্‌ সা | রা -া পা -া | -া -া -া -া I<br>
আ য়্ লো স জ নি স০ বে মি ০ লে ০ ০ ০ ০ ০

I মা পা পা পা | পা পা পা পা | মা পা পা পা | মা পা পা পা I<br>
ঝ র ঝ র বা রি ধা রা মৃ দু মৃ দু গু রু গু রু

I পা -া পা পা | পর্সা -া র্সা র্সা | র্সা -া র্সা র্সা | র্রা ণা র্সা ধা I<br>
গ র্‌ জ ন এ ০ ব র ষা ০ দি নে হা তে হা তে

I ণা ধা ণা ধা | পা ধা পা পা | মা পা মা মা | রা -মা রা সা II<br>
ধ রি ধ রি গা ব যো রা ল তি কা দো লা য়্ দু লে

II মা পা পা পা | পা পা মা পা | ধা -া -া -া | ণর্সা র্সা -া ণর্সা I<br>
ফু টা ব ব ত নে কে ত কী ০ ০ ০ ক দ ম্‌ ব

[জ্ঞা]<br>
I ধা ধা পা পা | { মা জ্ঞা জ্ঞা জ্ঞমা | রা রা সন্‌ সা | রা -া পা -া I<br>
অ গ ণ ন মা ধা ব ব র ণ ফু০ লে দু ০ লে ০

I ( -মা -া -জ্ঞা -া ) } | না না না না | র্সা -া র্সা র্সা | র্সা -া -া র্সা | র্ণর্রা র্রা র্রা র্রজ্ঞা I<br>
০ ০ ০ ০ পি য়া ব ন বী ০ ন স লি ০ ০ ল পি য়া সি ত০

I র্রা র্সা র্সা র্সা | না না না না | র্সা না র্সা র্সর্রা | র্ণা -র্সা ণা -ধপা II
ত রু ল তা ল তি কা বাঁ থি র গা ছে• তু • লে • •

II মা পা পা পা | পা পা মা পা | ধা র্সা র্সা নর্সা | ধা ধা পা পা I
ব নে রে সা জা য়ে দি র গাঁ থি র মু কু তা ক ণা

[জ্ঞা]
I { মা -জ্ঞা জ্ঞা জ্ঞমা | রা -া সন্‌া সা | রা -া গপা -া | ( -মা -া -জ্ঞা -া ) } I -া -া -া -া I
প ল্ ল ব শ্যা • ম• ছ্ কূ • লে • • • • • • • •

I { না -া না না | র্সা র্সা র্সা র্সা | র্সর্রা র্রা র্রা র্রজ্ঞা | র্রা -র্সা র্সা র্সা } I
না • চি ব স খী স বে ন ব ঘ ন• উ ৎ স বে

I না না না না | র্সা না র্সা র্সর্রা | র্ণা -র্সা ণা -ধা | -পা -ধা -পা -া II II
বি ক চ ব কু ল ত রু• মূ • লে • • • • •

গায়া। ত্রিতাল

## কী ঘোর নিশীথ

পা II { গা -পা মা গা | রা সা ন্‌া সা | গমা -গা -া মা | পা -া ( পা -া ) } I -া -া I
কী ঘো • র নি শী থ নী র ব • • থ রা • কী • • •

I সা সা সা সা | গমা -গা -া গা | মা পা -ধা মা | পা -া -া -া I
প থ যে কো থা • য় দে খা না • হি যা • • য়্

I গা গা মা পা | -না র্সা ধা না | পা ধা মা -পা | ধা -া ধা -া I
অ ন্ধা রে ঝা র্ চ র ণে ল তা পা • তা • যা ই

I ধা ধা ধা ণা | ধা পা মা পা | ধা ধা ধা ণা | ধা পা মা পা I
ঘ রা ক রে যে তে হ বে স র যূ ত টি নী তী রে

I পধা ধা -া ণা | ধা -া পা -া | গা পা মা গা | রা সা -া সসা I
কো থা য় সে প থ্ ও ই ক ল ক ল র ব • আহা

I সা ধা ধা ণা | ধা পা মা পা | পা -া গা পা | মা -গা রা সা II
তৃ ষি ত জ ন ক ম ম যা ই ত বে যা ই ব রা

গা -মা II পা -না না না | না -া -া র্সা | না র্সা নধা -না | -পা -া -া না I
এ ই ঘো • র আঁ ধা • র্ কো থা রে যা • • • য়্ ফি

I না র্সা নধা -না | -পা -া -া ধা | পা মা গা রা | গা -মা পা -া I
রি রে যা • • • • ত রা সে প্রা ণ কাঁ • পে •

I গা গা মা পা | মা গা রা -সা | সা সধা ধা ণা | ধা ণা ধা পা I
স্নে হে র পু তু লি তু ই কো থা যা বি এ কা এ নি

I পমা -া পা -া | -া -া পা -া | গা পা মা গা | গসা -া -া সা I
নী • থে • • • কি • জা নি কি হ বে • • ব

I সমা -গা -া -া | গা মা পা ধা | মা পা -া -া | -া -া {পা -া I
নে • • • হ বি প থ হা রা • • • • না •

I গা পা মা -গা | রা -সা ন্া সা | সমা -গা -া মা | পা -া} -া -া I
কো নো না • যা • না যা ব • • ব রা • • •

I সা সা সা সমা | -গা -া গা মা | পা -ধা মা পা | -া -া -া গা I

পি তা আ মা • বৃ কা ত র • তৃ ষা • • র্ বে

I গা মা পা -না | -া র্সা ধা না | পা ধা মগা -মা | পা -া পা -া II II

তে ছি তা • ই স র যূ ন দী তী• • রে • "কি" •

মিশ্র বেলাওল। ত্রিতাল

## মানা না মানিলি

II সা -া সা -া | ঋা -া গা -মা | পা -মা গা -া | -া -া -া -া I

মা • না • না • মা • নি • লি • • • • •

I মা -া পা -া | পধা -া মা -া | পা -মা গা -া | -া -া মসা -া I

ত • বু • ও • চ • লি • লি • • • কি •

I ঋা -া গা -মা | মগা -া ঋা -গঋা | সা -া -া -া | -া -া -া -া II

আ • নি • কি • ষ •• টৈ • • • • • • •

II র্সা -া র্সা -া | না -া ধা -া | না -া র্সা -া | -া -া -া -া I

অ • ম ঙ্ গ • ল • হে • ন • • • • •

I না -া র্সা -না | ধা -না ধা -নধা | পা -ধা পা -া | -া -া -া -া I

প্রা • ণে • জা • গে •• কে • ন • • • • •

I পা -ধা পা -া | মা -পা মা -া | পা -পা পা -া | -া -া -া -া I

থে • কে • থে • কে • মে • ন • • • • •

I ধা -া না -া | র্সা -া র্সর্ঞা -র্ঞা | র্সা -া -া -া | -া -া -া -া I

প্রা ণ্ কেঁ • দে • ও • ঠে • • • • • • •

I সা -া সা -া | ঋা -া গা -মা | পা -মা -গা -া | -া -া -া -া I

রা খ্ রে • ক • থা • রা • • • • • • খ্

I মা -া পা -া | পধা -া মা -া | মপা -মা -গা -া | -া -া সা -া I

বা • শি • আ • না • থা • • • • ক্ বা •

I ঋা -া গা -মা | মগা -া ঋা -গঋা | সা -া -া -া | -া -া -া -া II

য • রে • যা • হু • • টে • • • • • • •

II সা -া সা -া | ঋা -া গা -মা | পা -মা গা -া | -া -া -া -া I

অ • রি • দি • গ ঙ্ গ • নে • • • • •

I মা -া পা -া | পধা -া মা -া | পা -মা গা -া | -া -া মসা -া I

রে • খো • গো • প • ত • নে • • • অ •

I ঋা -া গা -মা | মগা -া ঋা -গঋা | সা -া সা -া | -া -া -া -া I

ভ • য় • স্নে • হ • • ছা • য়া • • • • য়্

I র্সা -া র্সা -া | না -া ধা -া | না -া র্সা -া | -া -া -া -া I

অ • রি • বি • ভা • ব • রী • • • • •

I না -া র্সা -না | ধা -না ধা -নধা | পা -ধা পা -া | -া -া -া -া I

রা • খো • বু • কে • • ধ • রি • • • • •

I পা -ধা পা -া | মা -গা ঋা -া | গা -পা পা -া | -া -া -া -া I

ভ • য় • অ • প • • হ • রি • • • • •

I ধা -া না -া | র্সা -া র্সর্গা -র্রা | র্সা -া -া -া | -া -া -া -া I
রা • খো • এ • জ • না • • • • • • র্

I সা -া সা -া | রা -া গা -মা | পা -মা গা -া | -া -া -া -া I
এ • যে • শি • শু • ম • তি • • • • •

I মা -া পা -া | পধা -া মা -া | মপা -মা গা -া | -া -া সা সা I
ম • ন • খো • র • অ • তি • • • এ যে

I রা -া গা মা | মগা -া রা -গরা | সা -া -া -া | -া -া -া -া II II
এ • কে লা অ • স •• হা • • • • • • য়্

ইমন-কল্যাণ। কাহারবা

## বনে বনে সবে মিলে

[-া -া]

II র্সা র্সা ধা র্সা | ধা পা গা পা I গা -রা -সা রা | গা -া গা -া I
ব নে ব নে স বে মি লে চ • • ল হো • চ •

I পা -মপা গা -রা | -া -া -া -া I গা -পা -া পা | ধা -পধা -পা -মপা I
ল • হো • • • • • ছু • • টে আ • • •

I -গা -পা -া -া | -া -া পা পা I পনা -া -া -া | ধনধা -া -া -া I
• • • • • য় শি কা রে • • • কে•• • • •

I পা -ধা -পা -ক্ষা | গা -া ধা -া I পা -মপা -গা -রা | -পা -মপা -গা -রা I
রে • • • যা • বি • আ • • • • • • •

I -পা -ক্ষপা -গা -রা | -া -া -া সা I সা -া -া সা | সা সা সা সা I

• • • • • • র্ এ ম • ন্ র জ নী র হে

I সা -া সা -া | -া -া -া -া I সা -রা -া রা | রা -পা -া রা I

বা হ্ রে • • • • • ধ • • হ্ বা • • ণ

I গা -পা পা পা | ক্ষা ক্ষা গা রা I পা -ক্ষপা -গা -রা | পা -ক্ষপা -গা -রা I

র দ্ ল র ল য়ে হা তে আ • • য়্ আ • • য়্

I সা -রা -গা -া | ন্া -রা সা -া II

আ • • য়্ আ য়্ রে •

II { পা গা পা ধা | পা ধা পা ধা I র্সা -া র্সা র্সা | র্সা র্সা র্সা র্সা } I

বা জা লি জা য় ন য় ন শ য়্ দে কাঁ পি বে ব ন

I র্সা র্গা -া র্রা | র্সা র্সা র্সা র্সা I ধা র্সা ধা ধা | পা ধা পা পা I

আ কা • শ ফে টে যা বে চ ম কি বে প শু পা খি

I গা গা -া -মগা | -রা -া -া -া I রা রা গা পা | পা ধা ধা -া I

স বে • •• • • • • ছু টে যা বে কা ন নে •

I পা ক্ষপা গা -রা | রা রা গা পা I ধা র্সা র্গা র্গা | র্রা র্রা র্সা র্সা I

কা ন• নে • চা রি দি কে ঘি রে যা ব পি ছে পি ছে

I র্সা -া ধা -া | পা -ক্ষপা গা -রা II II

হো • হো • হো •• হো •

সিন্ধুড়া। কাহারবা

## জয়তি জয় জয় রাজন

II মা পা না -র্সর্রা | র্সজ্ঞা র্জ্ঞা র্রা র্সা I র্সর্রা -ণা ধা পা | মা -পা মজ্ঞা জ্ঞা I

জ য় তি ∘ ∘ জ য় জ য় রা∘ ∘ জ ন ব ন্ দি∘ তো

I জ্ঞা -রা সা -া | -া -া -া -া I রা রা মা -া | পা পা -র্রা র্সা I

মা ∘ রে ∘ ∘ ∘ ∘ ∘ কে আ ছে ∘ তো মা ∘ স

I র্সর্রা -ণা ধা -পা | -া -া -া -ধপা II

মা ∘ ন ∘ ∘ ∘ ∘ ∘∘

II { না না না না | র্সা -া র্সা র্সা I র্সর্রা -ণা ধা পধা | মপা -র্রা র্রা -র্সনা } I

ত্রি ভু ব ন কাঁ ∘ পে তো মা ∘ র প্র∘ তা∘ ∘ পে ∘∘

I না না না -া | র্সা র্সা -া র্সা I র্সর্রা -ণা ধা -পা | -া -া -া -ধপা II II

তো মা রে ∘ ক রি ∘ প্র ণা ∘ ম ∘ ∘ ∘ ∘ ∘∘

বাহার। দাদরা

## গহনে গহনে যা রে তোরা

II { ধা ণা ধা | পা ধা পা I মা -ধা পা | মা -পা মা I

গ হ নে গ হ নে যা ∘ রে তো ∘ রা

I ধা -া ধা | ধা -া ণা I পা -ধা -ণা | র্সা -া -া } I

নি ∘ শি ব' ∘ হে যা ∘ য় যে ∘ ∘

I র্সা -া না | র্রা -া র্সা I ধা ণা পা | মা -া পা I
ত ন্ ন ত ন্ ন ক রি অ র • ণ্য

I মা জ্ঞা জ্ঞা | জ্ঞা -া মা I রা -া -া | সা -া -া I
ক রী ব রা • হ খোঁ • জ্ গে • •

I পা -া পা | র্সা -া -া I পা -া -া | র্সা -া -া II
এ ই বে লা • • যা • • য়ে • •

II { মা -া মা | ধা -া ণা I র্সা -া না | র্সা -া র্সা I
নি • শা চ • র প • ত ন • বে

I র্সা -া না | র্সা -া র্রা I র্সা -া ণা ! ধা -া ধা } I
এ • খ নি • বা হি • র হ • বে

I ণা -া ধা | পা -া পা I ধা -া পা | মা -া গা I
ধ • নুর্ বা • ণ নে • য়ে হা • তে

I গা -া -মা | রা -া রা I সা -া -া | -া -া -া I
চ • ন্ দ্র • রা চ • • • • ন্

I সা -া সা | মা -গা মা I পা -া ধা | না -া র্সা I
জ্বা • লা য়ে • ম শা • ল আ • লো

I র্গা -া -র্মা | র্রা -া র্সা I না -র্সর্রা -র্সা | ণা -ধা -া II II
এ • ই বে • লা আ • • য্ য়ে • •

অহং । কাহারবা

## চল্ চল্ ভাই

II { গা গা রা -া | পা পা গা গা I রা রা সা ন্া | সা -া -া -া } I
চল্ চল্ ভা ই ত্ব রা ক রে মো রা আ গে যা • • ই

I প্া -া সা -া | -া -া সা -া I সা সা -া সা | সা -া সা -া I
প্রা ণ্ প • • • ণ্ পৌঁ জ্ এ ব ন্ সে ব ন্ চ ল্

I রা রা -া সা | ন্া -া সা সা I রা রা -া -া | -া -া সা ন্া I
মো রা • ক ত ন্ ও দি কে যা • • • ই না না

I সা -া গা -রা | গা -া রা গা I পা পা গা -া | পা পা গা -া I
ভা ই কা জ্ না ই হো থা কি ছু না ই কি ছু না ই

I -া পা গা গা | রা রা সা ন্া I সা -া -া -া | -া -া -া -া I
• ভাই মো পে য দি কি ছু পা • • • • • • ই

I র্সা ধা -া র্সা | ধা -া সা সা I সা সা -া রা | গা -া রা গা I
ব রা • ব রা • আ রে দাঁ ড়া • দাঁ ড়া • অ ভ

I পা পা গা গা | রা রা সা ন্া I সা -া -া -া | -া -া -া -া I
ব্য ও হ লে কম্ কা বে শি কা • • • • • • র্

I সা রা গা গা | রা -া -া -া I সা রা গা গা | রা -া -া সা I
চু পি চু পি আ • • য্ চু পি চু পি আ • য্ ঐ

I সা সা -া রা | গা -া রা গা I পা -া গা -া | রা রা সা ন্া I সা -া -া -া | -া -া -া -া I
অ দ ধু ত সা হ্ এ বার্ টি ক ঠা ক্ হ বে স বে পা • • • • • • হ্

I প্া -া প্া -া | -া -া -া -া I সা ন্া সা -া | -া -া -া -া I
সা ব্ ধা • • • • ন্ থ ম ধা • • • • ণ্

I প্া জ্ঞ্া প্া -া | -া -া -া -া I সা ন্া সা -া | -া -া -া -া I
সা ব ধা • • • • ন্ ছা ড় বা • • • • ণ্

I র্সর্সা র্সর্সা র্সা -া | ধা ধা পা পা I গা -া রা -া | পা পা গা গা I
গেল গেল ঐ • পা লায়্ পা লায়্ চ ন্ চ ন্ ছোট্ রে পি ছে

I রা রা সা ন্া | সা -া -া -রা II II
আয়্ রে ধ রা যা • • ই

দেশ । খেমটা

## প্রাণ নিয়ে তো সট্‌কেছি

II সা -া রা | মা পা -া | র্সা -া ণা | ধা পা -ধা I
